

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং	তারিখ	প্রকল্প নং	
১৪৯	১৫/০১/২০২০	১৪৯	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: খ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৬২.১৭- ১৪৬

হি-১

তারিখঃ ১৫/০১/২০২০ বঃ
১৫/০১/২০২০ খিঃ

বরাবর

নির্বাহী প্রকৌশলী
ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা।

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন 'ঢাকাস্থ জিলাতলায় সরকারি কর্মকর্তা কর্মচারীদের (গণপূর্ত ও স্থায়ী অধিদপ্তর) জন্য ২৮৮টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ' শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪১২৯৯০০) অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে ২য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০১৯-২০২০ আর্থিক সালে খরচ করার জন্য ২য় কিস্তিতে মোট=১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো :

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কোড/ খাতের বিবরণ	অর্থ বরাদ্দ		
			আবর্তক	মূলধন	মোট
১১৮৮৫৭-ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	১১৮৯০৯-ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা	৪১১১১০১ আবাসিক ভবন	--	১৫০০.০০ লক্ষ	১৫০০.০০ লক্ষ

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং-২০৪৮/১(৮) তারিখঃ ১৮/১২/২০১৯ খিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর নিকট মঞ্জুরিকৃত ১৫০০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪১২৯৯০০-৪১১১১০১ খাতে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

- শর্তসমূহ (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।
(খ) ছাড়কৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
(গ) এ অর্থ সিডি/ভ্যাট খাতে ব্যয় করা যাবে না।
(ঘ) অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
(ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করতে হবে।
(চ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।
(ছ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর নিকট হতে পৃষ্ঠাংকনপত্র প্রাপ্তির পর বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

১৫/০১/২০২০
(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
coord@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৬২.১৭- ১৪৬/১(১৬) হি-১

তারিখঃ ১৫/০১/২০২০ বঃ
১৫/০১/২০২০ খিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।
- ৮। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানিজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩/ প্রগতি শাখা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৫/০১/২০২০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।